65

দৈনিক ইত্তেফাক

তারিখ AUG. 5 1999
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# চট্টগ্রাম কমার্স কলেজ এলাকায় ছাত্রলীগের দুই গ্রুপের ব্যাপক সংঘর্ষ

চট্টগ্রাম অফিস ॥ গতকাল বুধবার অপরাহ্নে সরকারী কমার্স কলেজ এলাকায় ছাত্রলীগের বিবদমান নাসির গ্রুপ ও কাদের গ্রুপের কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম কমার্স কলেজ

(শেষ পৃষ্ঠার পর)

এবং ব্যাপক গুলী বিনিময় হয়। নাসির গ্রুপ ছাত্রলীগের সাধারণ সম্পাদক তৌফিকুর রহমান খান লাবনকে কতিপয় সন্ত্রাসী টেক্সীযোগে অস্ত্রের মুখে ক্যাম্পাস এলাকা হইতে অপহরণ করিয়া নিলে উত্তেজনা দেখা যায়। ইহার প্রতিবাদে নাসির গ্রুপের কর্মীরা কলেজের বাহিরে বিক্ষোভ মিছিল বাহির করে। এ সময় কলেজ সংলগ্ন মোগলটুলী এলাকায় অবস্থানকারী কাদের গ্রুপের সহিত ধাওয়া-পাল্টা ধাওয়া এবং গুলী বিনিময় হয়। পুলিশের উপস্থিতিতে এ গুলী বিনিময়ের সময় পুলিশ নিরাপদ দূরত্বে সরিয়া পড়ে। কলেজ ছাত্র সংসদের ভিপি ইফতেখার উদ্দিন সাগর ও জিএস খালেদ হোসেন খান মাসুক এক যুক্ত বিবৃতিতে লাবন অপহরণের জন্য কাদের গ্রুপের সন্ত্রাসীদের দায়ী করিয়াছে। নেতৃবৃন্দ অবিলম্বে তাহাদের মুক্তির দাবী জানায়। দৃশ্যতঃ বর্তমানে ক্যাম্পাস এলাকায় ব্যাপক পুলিশী নিরাপত্তার ব্যবস্থার সুযোগ নিয়া ছাত্রলীগের আ, জ, ম নাসির গ্রুপ কলেজ এলাকায় অবস্থান সুদৃঢ় করিয়াছে। উল্লেখ্য যে, সরকারী কমার্স কলেজ দখল নিয়া ছাত্রলীগের বিবাদমান গ্রুপ দুইটির মধ্যে গত এক মাসে ৩ দফা সংঘর্ষ ও গুলী বিনিময়ের ঘটনায় উভয়পক্ষে ১০/১৫ জন আহত হয়।